অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল অর্থবছর 2025 স্টেট বাজেট সম্পর্কে চুক্তি ঘোষণা করলেন

গভর্নর ক্যাথি হোকল আজকে অর্থবছর 2025 এর নিউ ইয়র্ক স্টেট বাজেটের মুখ্য অগ্রাধিকারসমূহের ব্যাপারে আইনসভার নেতৃবৃন্দের মধ্যে একটি ধারণামূলক চুক্তি ঘোষণা করলেন।

"আমি প্রতিজ্ঞা করেছি যে নিউ ইয়র্কবাসীর সঠিক লড়াইয়ের জন্য লড়াই করবো, সাধারণ বুদ্ধির সমাধান প্রদান করবো, এবং অন্যরা অগ্রাহ্য করতে পারে এমন কাঁটাময় সমস্যা নিয়ে কাজ করবো, এবং আমরা ঠিক তাই করেছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা একটি সাধারণ বুদ্ধির এজেন্ডা প্রদান করছে: অপরাধের মোকাবেলা করা, আমাদের মানসিক স্বাস্থ্য ব্যবস্থা ঠিক করা, এবং আরো আবাসন নির্মাণ করা যাতে অবশেষে নিউ ইয়র্কে বসবাস করা মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে।"

বাজেটের প্রধান বিষয়ের মধ্যে রয়েছে:

- সাশ্রয়ী আবাসনের জন্য একটি নতুন 485x কর প্রণোদনা তৈরি; ইতিমধ্যে পাইপলাইনে থাকা প্রকল্পসমূহের জন্য 421a প্রণোদনা সম্প্রসারণ; অব্যবহৃত অফিস স্পেসকে সাশ্রয়ী আবাসনে রূপান্তরিত করা সহজতর করা; নিউ ইয়র্ক সিটির সেকেলে ঘনত্বের সীমা অপসারণ করা; 2019 সাল থেকে খালি পড়ে থাকা ইউনিটের সম্ভাবনা উন্মোচন করা; মূল্য গজিং থেকে ভাড়াটিয়াদের সুরক্ষা প্রদান করতে একটি নতুন আইন প্রতিষ্ঠা করার মাধ্যমে **নিউ ইয়র্কের আবাসন সঙ্কট সমাধান করার জন্য একটি ঐতিহাসিক চুক্তি** নিশ্চিত করা।
- **বহু পরিবারের আবাসনের জন্য একটি স্টেটব্যাপী কর প্রণোদনা** তৈরি করা; কেবল প্রো-হাউজিং সম্প্রদায়সমূহের জন্য 650 মিলিয়ন মার্কিন ডলার বিবেচনামূলক তহবিল উপলভ্য করা; আরো অ্যাক্সেসরি থাকার ইউনিট পেতে ইচ্ছুক এমন সম্প্রদায়ের জন্য প্রণোদনা প্রদান করা; স্টেটের মালিকানাধীন সাইটগুলিতে 15,000টি পর্যন্ত নতুন আবাসন ইউনিট তৈরির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ; এবং ডিড চুরি থেকে বাড়ির মালিকদের সুরক্ষা প্রদান।
- খুচরা বিক্রেতাদের আক্রমণ করা অপরাধীদের শাস্তি বৃদ্ধির মাধ্যমে **খুচরা চুরির বিরুদ্ধে অভিযান**; খুচরা চুরি বিষয়ক আইন শৃঙ্খলা রক্ষার জন্য 40.2 মিলিয়ন মার্কিন ডলার; এবং নিরাপত্তা সংস্থানে বিনিয়োগ করার জন্য 3,000 মার্কিন ডলার কর ক্রেডিট।

- গাঁজা ব্যবস্থাপনা অফিসকে (Office of Cannabis Management, OCM) একটি পূর্ণ বছরের জন্য ব্যবসা প্রতিষ্ঠানে তালা লাগানোর অনুমোদন দেওয়া; স্থানীয় সরকারকে তালা লাগানোর আদেশ নির্বাহ করার আইন পাশ করার অনুমতি দেওয়া; লাইসেন্সবিহীন গাঁজা বিক্রি করা খুচরা বিক্রেতার কাছে সজ্ঞানে ভাড়া দেওয়ার জন্য বাড়ির মালিকের জন্য জরিমানা স্থির করার মাধ্যমে **অবৈধ গাঁজার দোকান বন্ধ করে দেওয়া**।
- ঘৃণা অপরাধ হিসেবে প্রসিকিউট করা অপরাধের সংখ্যা বৃদ্ধি করার মাধ্যমে এবং প্রার্থনার ঘর, ধর্মীয় স্কুল এবং অন্যান্য ঝুঁকিগ্রস্ত সাইটকে সুরক্ষিত রাখবে এমন ঘৃণার বিরুদ্ধে সম্প্রদায়সমূহকে সুরক্ষিত রাখার অনুদানে (Securing Communities Against Hate Grant) 35 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার মাধ্যমে **ঘৃণার ক্রমবর্ধমান জোয়ারের** মোকাবেলা করা।
- সম্প্রদায়ে **অভীষ্ট বিনিয়োগের** মাধ্যমে জননিরাপত্তা উন্নত করা, যার মধ্যে রয়েছে বন্দুক সহিংসতা হ্রাস ও প্রতিরোধ করার জন্য নিউ ইয়র্কের প্রয়াস অব্যাহত রাখার জন্য 347 মিলিয়ন মার্কিন ডলার এবং গৃহ নির্যাতনের অপরাধ প্রতিরোধ ও প্রসিকিউট করার জন্য 35.7 মিলিয়ন মার্কিন ডলার।
- প্যারোলে থাকা ব্যক্তিদের আরো কঠোর সুপারভিশন প্রদান, ক্রান্তিকালীন আবাসন সুযোগ সম্প্রসারণ, স্টেটের সকল কারাগারে কলেজ কর্মসূচি সম্প্রসারণ করা, এবং সাক্ষাৎকারীদের জন্য স্টেটের সংশোধন ফ্যাসিলিটিসমূহে (State Correctional Facilities) যাওয়া আসা করার জন্য পরিবহন প্রদান করার মাধ্যমে **অপরাধপ্রবণতা হ্রাস করা** এবং কর্মক্ষেত্রে পুনরায় প্রবেশ করার ব্যবস্থা উন্নত করার জন্য 7.1 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ।
- আমাদের রাস্তায় টোল ফাঁকি এবং আমাদের সাবওয়েতে ভাড়া ফাঁকির মোকাবেলা করার জন্য নতুন প্রয়াস গ্রহণ করে আ**মাদের রাস্তাকে আরো নিরাপদ করা**।
- **মানসিক স্বাস্থ্যে রেকর্ড বিনিয়োগ** করা, যার মধ্যে রয়েছে স্কুল বয়সী শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সেবার জন্য 19 মিলিয়ন মার্কিন ডলার, স্টেট পরিচালিত ফ্যাসিলিটিসমূহে 200টি নতুন ইনপেশেন্ট সাইকিয়াট্রিক শয্যা স্থাপন করতে 55 মিলিয়ন মার্কিন ডলার; এবং হাসপাতালগুলিতে আরো উত্তম মানসিক স্বাস্থ্য সেবা বাধ্যতামূলক করা।
- প্রথম সাড়াদানকারী এবং অপরাধ ন্যায়বিচার ব্যবস্থায় জড়িত মানসিক অসুস্থতা নিয়ে সমস্যায় থাকা ব্যক্তিদের জন্য **মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারিত করার জন্য 31 মিলিয়ন মার্কিন ডলার**।
- **চাপে থাকা হাসপাতালগুলিকে সমর্থন করার** জন্য আমাদের 3.9 বিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতি বজায় রাখা এবং **নতুন স্বাস্থ্যসেবা অবকাঠামো গঠন করার** জন্য 20 বিলিয়ন মার্কিন ডলারের একাধিক বছরের বিনিয়োগ, বয়স্ক এবং গর্ভবতী নিউ ইয়র্কবাসীর জন্য মেডিকেয়ার আওতা বৃদ্ধি করা এবং হোম কেয়ার কর্মীদের সর্বনিম্ন বেতন বৃদ্ধি করা।
- দেশের প্রথম স্টেট হিসেবে গর্ভবতী মায়েদের জন্য সবেতন ছুটি প্রদান করা; দুধ পান করানো মায়েদের দুধ বের করার সময় প্রদান করা চাকরিদাতাদের জন্য আবশ্যিক করা; যেসব ক্ষেত্রে প্রয়োজন নেই সেসব ক্ষেত্রে সার্জিক্যাল প্রক্রিয়ার বিস্তার রদ করা; এবং জন্মদান পরবর্তী বিষণ্ণতার জন্য সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করার মাধ্যমে **মা ও শিশুকে সুরক্ষিত রাখা**।

- আর্থিক মধ্যস্থতা এবং ভোক্তা নির্দেশিত ব্যক্তি সহায়তা কর্মসূচি (Consumer Directed Personal Assistance Program, CDPAP) জালিয়াতির বিরুদ্ধে অভিযান করার মাধ্যমে **200 মিলিয়ন মার্কিন ডলার মেডিকেইড (Medicaid) সঞ্চয় নিশ্চিত করা**; পুরো স্টেটে স্বাস্থ্য সমতা অগ্রসর করা, স্বাস্থ্য অসমতা হ্রাস করা, এবং প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা পাওয়ার সুযোগ বলীয়ান করার জন্য একটি সার্বিক পদক্ষেপের সিরিজকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের মেডিকেইডের সেকশন 1115 ডেমোন্সট্রেশন কর্মসূচির একটি সংশোধনের মাধ্যমে আগামী তিন বছরের বেশি সময় ধরে **স্বাস্থ্য সেবা ব্যবস্থায় 7.5 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা**।
- **একটি ব্যবস্থাপিত সেবা সংগঠন (managed care organization, MCO) করে জন্য ফেডারেল অনুমোদন পাওয়ার** জন্য স্টেটকে অনুমোদন প্রদান করা, যা নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ব্যবস্থায় একটি একাধিক বছরের বিনিয়োগ প্রদান করতে স্টেটের জন্য উল্লেখযোগ্য রাজস্ব সৃষ্টি করবে।
- **NY SWIMS অগ্রসর করার জন্য 150 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা** এবং পুরো স্টেটে পুল নির্মাণ করা, যা নিউ ইয়র্কবাসীকে সাঁতার শিখতে এবং পানির কাছে তাদের নিরাপদ রাখতে সাহায্য করবে।
- P-12 স্কুলে রেকর্ড তহবিল; মোট স্কুল সহায়তায় রেকর্ড 35.9 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ; 2024-25 স্কুল বর্ষের জন্য সঠিক আকারের তহবিলের জন্য ফাউন্ডেশন এইড (Foundation Aid) সূত্রে মুদ্রাস্ফীতির গুণককে হ্রাস করা এবং আগামী বছরের পরিবর্তনের জন্য প্রস্তুত হতে ফাউন্ডেশন এইড সূত্রকে নিরীক্ষা করার জন্য একটি রকফেলার ইনস্টিটিউট (Rockefeller Institute) স্টাডির কমিশন করা; প্রত্যেক স্কুল জেলা যাতে নিউ ইয়র্কের শিশুদের পঠনের দক্ষতা উন্নত করার জন্য পঠনের বিজ্ঞানসম্মত নির্দেশনার সেরা অনুশীলন ব্যবহার করে তা নিশ্চিত করার মাধ্যমে **নিউ ইয়র্কের শিক্ষার্থীদের সমর্থন করা।**
- মূল্য হ্রাস করার জন্য এবং হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য ইনসুলিনের মূল্য ভাগ নির্মূল করে নিউ ইয়র্কবাসীর অর্থ তাদের কাছে রাখা; অন্যায় ব্যবসায়িক অনুশীলনের বিরুদ্ধে সুরক্ষা বলীয়ান করা; সবেতন মেডিকেল ও অক্ষমতা ছুটির জন্য বেনিফিট সর্বোচ্চ বৃদ্ধি অর্জন করা; এবং নিউ ইয়র্কবাসীকে মেডিকেল ঋণ মোকাবেলা করতে সাহায্য করার জন্য একটি **ভোক্তা সুরক্ষা এবং ক্রয়ক্ষমতা এজেন্ডা (Consumer Protection and Affordability agenda)** অগ্রসর করা।
- **এম্পায়ার AI (Empire AI) প্রতিষ্ঠা করা**, এটি একটি দেশের শীর্ষস্থানীয় কনসোর্টিয়াম যা বাফেলোতে একটি অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence, AI) কম্পিউটিং সেন্টার তৈরি ও শুরু করবে, কৃত্রিম বুদ্ধিমত্তার সম্মুখসারিতে নিউ ইয়র্কের অবস্থান নিশ্চিত করা এবং জনস্বার্থে AI অগ্রসর করার জন্য নিউ ইয়র্কের কলেজ এবং ইউনিভার্সিটিগুলি এটি ব্যবহার করবে।
- **স্টেটব্যাপী গণপরিবহন ব্যবস্থা সমর্থন করার** জন্য অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করা, যার মধ্যে রয়েছে মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) জন্য 7.9 বিলিয়ন মার্কিন ডলার অপারেটিং সহায়তা, আপস্টেট ট্রানজিট ব্যবস্থার জন্য 333 মিলিয়ন মার্কিন দলের, এবং MTA ব্যতীত অন্যান্য ডাউনটাউন সিস্টেমের জন্য 551 মিলিয়ন মার্কিন ডলার, এটি 5.4 শতাংশ বেশি তহবিল।

- রেকর্ড 32.9 বিলিয়ন মার্কিন ডলার পাঁচ বছরের পরিবহন বিভাগ (Department of Transportation, DOT) ক্যাপিটাল পরিকল্পনার তৃতীয় বছরে 2.6 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের মাধ্যমে **দেশের শীর্ষস্থানীয় অবকাঠামো কর্মসূচিকে অগ্রসর করা**, এমন প্রকল্পের অর্থায়ন করা যা পুরো স্টেটের সম্প্রদায়সমূহকে পুনরায় সংযুক্ত করবে, এবং CHIPS কর্মসূচির মাধ্যমে স্থানীয় কর্মসূচির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার।
- পরিষ্কার পানির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার, এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ডের (Environmental Protection Fund) জন্য 400 মিলিয়ন মার্কিন ডলার, এবং 2033 সালের মধ্যে 25 মিলিয়ন গাছ লাগানোর জন্য গভর্নরের লক্ষ্যকে সমর্থন করার জন্য 47 মিলিয়ন মার্কিন ডলার সহ **রেকর্ড পরিবেশ বিনিয়োগ**।

ধারণামূলক চুক্তি স্থাপিত হওয়ার ফলে, আইনসভার হাউজগুলি এইসব অগ্রাধিকার প্রণয়ন করবে এমন বিল পাশ করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। নির্বাহী প্রস্তাবনায় আলোচিত পরিবর্তনসমূহের একটি প্রাথমিক মূল্যায়নের ভিত্তিতে, অর্থবছর 2025 এর বর্তমান মোট অনুমিত বাজেট 237 বিলিয়ন মার্কিন ডলার। অর্থবছর 2025 এর বাজেট আয় বা স্টেটব্যাপী ব্যবসায়িক কর বৃদ্ধি করে না এবং "কঠিন সময়ের" জন্য স্টেট রিজার্ভকে স্বর্ণ মানদণ্ডের 15 শতাংশে বজায় রাখে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন